

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলন

ইংরেজি ভাষা ও সাহিত্য নিয়ে দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন করেছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত বৃহস্পতিবার রাজধানীর ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ‘রিথিংকিং ডিসিপ্লিনারি ডাইভারসিটি: চ্যালেঞ্জস অফ টিচিং ইংলিশ ইন দ্য টুয়েনটি ওয়ান সেঞ্চুরি’ শীর্ষক আন্তর্জাতিক এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনের উদ্বোধন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার ফয়জুল ইসলাম।

দুই দিনব্যাপী এই সম্মেলনের বিভিন্ন সেশনে বক্তব্য রাখেন নিউজিল্যান্ডের ক্যান্টাবুরি বিশ্ববিদ্যালয়ের কলেজ অফ এডুকেশনের হেলথ অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট বিভাগের অধ্যাপক জেনিনকা গ্রিনউড, বাংলাদেশ ইংলিশ ল্যান্ডস্কেপ টিচার্স অ্যাসোসিয়েশনের সভাপতি হারুনুর রশিদ খান, এক্সেল এডুকেশনের নির্বাহী পরিচালক এক্সিকিউটিভ ডিরেক্টর শিরীন হাসান, ন্যাশনাল কারিকুলাম অ্যান্ড টেক্সবুক বোর্ডের এসইএসআইপি প্রোগ্রামের কারিকুলাম স্পেশালিস্ট গৌতম রায়, ব্র্যাক এডুকেশন প্রোগ্রামের প্রোগ্রাম ম্যানেজার মাসুম বিল্লাহ এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইএনএইচ বিভাগের সহকারী অধ্যাপক মাহমুদুল হক।

অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ এডুকেশনের অধ্যাপক ওবায়দুল হামিদ, ইউল্যাব বিশ্ববিদ্যালয়ের ইংলিশ অ্যান্ড হিউম্যানিটিজ বিভাগের অধ্যাপক সৈয়দ মঞ্জুরুল ইসলাম, ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য অধ্যাপক ফকরুল আলম, ইউল্যাব বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ আর্টস অ্যান্ড হিউম্যানিটিজ অনুষদের ডিন কায়সার হক, কবি ও অনুবাদক রাজু আলাউদ্দিন, জাভেদ হোসেন উপস্থিত ছিলেন।